# নিউজলেটার

প্রথম সংখ্যা, জুলাই-ডিসেম্বর ২০২৫

## বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

### শুভেচ্ছা বাণী

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল বাংলাদেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠান ও প্রতিষ্ঠানসমূহ পরিচালিত প্রোগ্রামের গুণগতমান উন্নয়নের লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) হতে নিয়মিতভাবে প্রকাশিতব্য নিউজলেটার, প্রথম সংখ্যা, জুলাই-ডিসেম্বর ২০২৫ এর জন্য আমার আন্তরিক শুভেচ্ছা রইলো।

আমি প্রত্যাশা করছি ষাণ্মাসিক এই প্রকাশনার মধ্য দিয়ে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সার্বিক কার্যক্রমের একটি সচিত্র রূপরেখা প্রতিভাত হবে। নিউজলেটার প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আমার আন্তরিক ধন্যবাদ রইলো।

প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ
চেয়ারম্যান
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

### শুভেচ্ছা বাণী

উচ্চশিক্ষার মানোন্নয়ন এবং বিশ্ববিদ্যালয়ের একাডেমিক প্রোগ্রামসমূহের অ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। অ্যাক্রেডিটেশন এবং উচ্চশিক্ষার মান উন্নয়নে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল যে সকল কার্যক্রম পরিচালনা করছে সে সকল বিষয়গুলোকে আলোকপাত করার লক্ষ্যে প্রথম বারের মতো নিউজলেটার প্রকাশ করা হচ্ছে। নিউজলেটার প্রকাশের সঙ্গে সংশ্লিষ্ট কমিটিসহ কর্মকর্তা-কর্মচারীগণকে আন্তরিক কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। আশাকরি নিউজলেটারটি প্রকাশনার কাজ ভবিষ্যতে আরও সুসংহত ও ধারাবাহিকভাবে চলমান থাকবে।

প্রফেসর ড. গুলশান আরা লতিফা
সদস্য, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
উপদেষ্টা, নিউজলেটার প্রকাশনা কমিটি

## Credit Accumulation and Transfer (CAT) Guidelines বিষয়ক কর্মশালা





Credit Accumulation and Transfer (CAT) Guidelines-এর প্রণীত বিষয়ে অংশীজনদের মতামত গ্রহণের লক্ষ্যে ২৭ জন অংশগ্রহণকারীর অংশগ্রহণে ২০২৫ সালের জুলাই মাসে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল একটি কর্মশালার আয়োজন করে। সংশোধিত গাইডলাইন্স অধিকতর পরিমার্জনপূর্বক চূড়ান্তকরণের জন্য ১৭ জুলাই ২০২৫ তারিখে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ২৪ জন অংশগ্রহণকারীসহ আরও একটি কর্মশালার আয়োজন করে। এই গাইডলাইন্স ব্যবস্থা

বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (BNQF)-এর বিভিন্ন উপ-খাত, যেমন সাধারণ শিক্ষা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষার মধ্যে তির্যক (Diagonal) স্থানান্তরের সুযোগ সৃষ্টি করবে এবং শিক্ষার্থীরা যে কোনো বিষয়ে অর্জিত জ্ঞান ও দক্ষতার স্বীকৃতি পেয়ে অন্য বিষয়ে ডিগ্রি অর্জন করতে পারবে। পাশাপাশি, CAT Guidelines দেশের শিক্ষা ব্যবস্থার বিভিন্ন উপ-খাতের মধ্যে শিক্ষার্থীদের অভিগমনে সহায়তাসহ একটি অন্তর্ভুক্তিমূলক (Inclusive) ও নমনীয় (Flexible) শিক্ষাব্যবস্থা প্রতিষ্ঠায় ভূমিকা রাখবে।

## উচ্চশিক্ষার মান উন্নয়নে BNQF প্রতিপালন এবং GED বিষয়ক কর্মশালা



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের উদ্যোগে উচ্চশিক্ষার গুণগতমান নিশ্চিতকরণের লক্ষ্যে "বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেসন ফ্রেমওয়ার্ক (BNQF) প্রতিপালন" এবং "GED (General Education): Concepts, Significance and Selection of Courses" বিষয়ক দিনব্যাপী একটি কর্মশালা ২৫ আগস্ট ২০২৫ তারিখে কাউন্সিল কার্যালয়ে অনুষ্ঠিত হয়। কর্মশালায় BNQF প্রতিপালন বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কিউএ অ্যান্ড এনকিউএফ বিভাগের পরিচালক প্রফেসর মোহাম্মদ তাজিব উদ্দিন এবং GED বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। কর্মশালায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. মোঃ গোলাম শাহি আলম এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সৈয়দ শাহরিয়ার রহমান।

কর্মশালায় বিভিন্ন পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের Institutional Quality Assurance Cell (IQAC) এর ২৬ জন পরিচালক ও অতিরিক্ত পরিচালক অংশগ্রহণ করেন। কর্মশালায় BNQF-এর প্রতিপালন কৌশল এবং উচ্চশিক্ষায় এর বাস্তব প্রয়োগ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বক্তারা BNQF বাস্তবায়নের মাধ্যমে শিক্ষার মান উন্নয়ন এবং আন্তর্জাতিক মানের সঙ্গে পাঠ্যক্রমের সামঞ্জস্য রক্ষার প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করেন এবং GED-এর ধারণা, উচ্চশিক্ষায় এর প্রাসঙ্গিকতা এবং কোর্স নির্বাচনের মানদণ্ড বিষয়ে বিশদ আলোচনা করেন। সাধারণ শিক্ষা শিক্ষার্থীদের সমালোচনামূলক চিন্তা, নৈতিক মূল্যবোধ ও বহুমাত্রিক জ্ঞান বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে ও এটি ব্যক্তিকে পেশাগত দক্ষতার পাশাপাশি দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতে সহায়তা করে বলে কর্মশালায় আলোচনা করা হয়। কর্মশালায় অংশগ্রহণকারীরা BNQF বাস্তবায়নের চ্যালেঞ্জ ও সম্ভাবনা নিয়ে মতবিনিময় করেন এবং নিজ নিজ প্রতিষ্ঠানে ফ্রেমওয়ার্কটি কার্যকরভাবে বাস্তবায়নের আগ্রহ প্রকাশ করে GED কোর্স বাস্তবায়নে দৃঢ় অঙ্গীকার প্রকাশ করেন।

# উচ্চশিক্ষার মান উন্নয়নে BNQF প্রতিপালন এবং GED বিষয়ক কর্মশালা



বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের আয়োজনে ২৬ আগস্ট ২০২৫ তারিখে "GED (General Education): Concepts, Significance and Selection of Courses" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় GED বিষয়ক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ এবং BNQF প্রতিপালন বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কিউএ অ্যান্ড এনকিউএফ বিভাগের পরিচালক প্রফেসর মোহাম্মদ তাজিব উদ্দিন। উপস্থাপিত প্রবন্ধ দুটির উপর আলোচনা করেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিবেশ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. সৈয়দ হাফিজুর রহমান। আলোচনায় সাধারণ শিক্ষাকে একটি বিস্তৃত, আন্তঃবিষয়ক এবং অপরিহার্য অংশ হিসেবে উপস্থাপন করে শিক্ষার্থীদের ব্যক্তিগত, সামাজিক ও পেশাগত দক্ষতা বিকাশে এর গুরুত্ব তুলে ধরা হয়। একইসঙ্গে, GED-এর মাধ্যমে শিক্ষার্থীদের বিশ্লেষণমূলক চিন্তাশক্তি, নৈতিক মূল্যবোধ এবং জীবন ঘনিষ্ঠ দক্ষতা অর্জনের গুরুত্ব আলোচনা করা হয়।

# ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক, কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ক মতবিনিময় সভা



ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (BNQF)-এর বাস্তবায়ন নিশ্চিত করা বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের (BAC) একটি আইনগত দায়িত্ব। বিশ্ববিদ্যালয়সমূহের উপাচার্য ও উপ-উপাচার্যগণ নিজ নিজ বিশ্ববিদ্যালয়ে উক্ত ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন এবং অ্যাক্রেডিটেশন অর্জনে নেতৃত্বদানকারী হিসেবে মুখ্য ভূমিকা পালন করে থাকেন। এ প্রেক্ষাপটে, সংশ্লিষ্ট বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও উপ-উপাচার্যগণের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে তাঁদের উদ্বুদ্ধকরণ অত্যাবশ্যক বিবেচনায় ১৬ অক্টোবর ২০২৫ তারিখে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও উপ-উপাচার্যগণের অংশগ্রহণে একটি মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মোট ২৯ জন উপাচার্য ও উপ-উপাচার্য অংশগ্রহণ করেন। মতবিনিময় সভায় অংশগ্রহণকারীগণ উচ্চশিক্ষার মান উন্নয়ন এবং বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (BNQF) বাস্তবায়নের বিভিন্ন দিক নিয়ে গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন। তাঁরা উচ্চশিক্ষার গুণগত মান বৃদ্ধিতে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ভূমিকা, প্রণীত নীতিমালা, অবকাঠামোগত উন্নয়ন, শিক্ষক-শিক্ষার্থী সম্পর্ক এবং গবেষণার উপর বিশেষভাবে গুরুত্বারোপ করেন। মতবিনিময় সভায় অংশগ্রহণকারীগণ উল্লেখ করেন যে, একটি গ্রহণযোগ্য শিক্ষক-শিক্ষার্থী অনুপাত বজায় রাখা গুণগতমানসম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণে সহায়ক। এছাড়া, সভায় আধুনিক উচ্চশিক্ষা ব্যবস্থার সঙ্গে সঙ্গতিপূর্ণ শ্রেণিকক্ষ, গবেষণাগার, তথ্যপ্রযুক্তি সুবিধাসম্পন্ন পাঠাগারসহ অন্যান্য অবকাঠামো উন্নয়নের প্রয়োজনীয়তার উপরও গুরুত্বারোপ করা হয়।

# Motivational Workshop on Bangladesh National Qualifications Framework (BNQF) at BGC Trust University Bangladesh, Chittagong




বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের আয়োজনে Motivational Workshop on Bangladesh National Qualifications Framework (BNQF) শীর্ষক একটি উদ্বুদ্ধকরণ কর্মশালা, ০৫ নভেম্বর ২০২৫ তারিখে বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, চট্টগ্রাম-এর কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ, চট্টগ্রাম-এর উপাচার্য প্রফেসর ড. এ. এফ. এম. আওরঙ্গজেব। কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটির IQAC-এর পরিচালক ড. রানা কারণ। কর্মশালায় "Road to Accreditation" বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ এবং "BNQF for Quality Assurance" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন QA & NQF বিভাগের পরিচালক প্রফেসর মোহাম্মদ তাজিব উদ্দিন। উক্ত কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের মোট ৫৮ জন শিক্ষক অংশগ্রহণ করেন। কর্মশালায় অংশগ্রহণকারীরা বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের প্রশিক্ষণ কার্যক্রমের প্রাসঙ্গিকতা, কার্যকরী উপস্থাপনা এবং সুপরিকল্পিত আয়োজনের ভূয়সী প্রশংসা করেন। একই সঙ্গে, ভবিষ্যতেও এ ধরনের উদ্বুদ্ধকরণ ও সক্ষমতা উন্নয়নমূলক কর্মশালা নিয়মিতভাবে আয়োজনের প্রয়োজনীয়তার উপর গুরুত্বারোপ করা হয়। কর্মশালায় সমাপনী বক্তব্য প্রদান করেন উপাচার্য প্রফেসর ড. এ. এফ. এম. আওরঙ্গজেব।

# Motivational Workshop on Bangladesh National Qualifications Framework (BNQF) at Port City International University, Chittagong

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের উদ্যোগে Motivational Workshop on Bangladesh National Qualifications Framework (BNQF) শীর্ষক একটি উদ্বুদ্ধকরণ কর্মশালা, ০৬ নভেম্বর ২০২৫ তারিখে পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, চট্টগ্রাম-এর কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. মো. নুরুল আনোয়ার। কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন পোর্ট সিটি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির IQAC-এর পরিচালক প্রফেসর ড. গণেশ চন্দ্র রায়। কর্মশালায় BNQF for Quality Assurance শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের QA & NQF বিভাগের পরিচালক প্রফেসর মোহাম্মদ তাজিব উদ্দিন। মূল প্রবন্ধের উপর আলোচনা করেন প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ, চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল। উক্ত




কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের মোট ৫০ জন অনুষদ সদস্য অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীরা এই প্রশিক্ষণের বাস্তবতা ও প্রাসঙ্গিকতার প্রশংসা করেন এবং ভবিষ্যতে এ ধরনের সক্ষমতা বৃদ্ধিমূলক কর্মশালা অব্যাহত রাখার উপর গুরুত্ব প্রদান করেন। কর্মশালায় সমাপনী বক্তব্য প্রদান করেন উপাচার্য প্রফেসর ড. মো. নুরুল আনোয়ার।

## উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের আইকিউএসি'র সক্ষমতা বৃদ্ধির জন্য ৮ম পেশাগত প্রশিক্ষণ কোর্স

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের উদ্যোগে ১৬ নভেম্বর ২০২৫ থেকে ২৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ পর্যন্ত ১২ দিনব্যাপী "উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের আইকিউএসি'র সক্ষমতা বৃদ্ধির জন্য ৮ম পেশাগত প্রশিক্ষণ কোর্স" অনুষ্ঠিত হয়। এই প্রশিক্ষণে দেশের ১৬টি বিশ্ববিদ্যালয় থেকে আইকিউএসি'র পরিচালক ও অতিরিক্ত পরিচালক এবং বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কর্মকর্তাসহ মোট ২৫ জন অংশগ্রহণ করেন। এই প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ Issues of Higher Education , Quality Assurance aspects and Accrediation প্রক্রিয়া সম্পর্কে হাতে-কলমে সম্যক ধারণা লাভ করেন। এই প্রশিক্ষণ কোর্সটি অংশগ্রহণকারীদের দক্ষতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। তাই প্রশিক্ষণ সমাপনান্তে আইকিউএসি'র পরিচালক ও অতিরিক্ত পরিচালকগণ নিজ নিজ প্রতিষ্ঠানের কোয়ালিটি অ্যাসুরেন্স এবং অ্যাক্রেডিটেশনের জন্য কার্যকর উদ্যোগ গ্রহণের সক্ষমতা অর্জন করেছেন বলে উল্লেখ করেন। প্রশিক্ষণার্থীগণ ভবিষ্যতে কাউন্সিলের একাডেমিক অডিটর হিসেবে দায়িত্ব পালনে সক্ষম হবেন মর্মে আশাবাদ ব্যক্ত করা হয়।






# Training on Compliance Management for Accreditation





বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ২৮ ও ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে 'Training on Compliance Management for Accreditation' বিষয়ক এক দিনের দুইটি পৃথক প্রশিক্ষণ আয়োজন করে। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। প্রশিক্ষণ দুটিতে 'Compliance Management' বিষয়ে সেশন পরিচালনা করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর। ২৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখ রিসোর্স পার্সন হিসেবে সেশন পরিচালনা করেন প্রফেসর ড. খাজা ইফতেখার উদ্দিন আহমেদ, উপ-উপাচার্য, গ্রীন বিশ্ববিদ্যালয় বাংলাদেশ। একই ধারাবাহিকতায় ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখ রিসোর্স পার্সন হিসেবে সেশন পরিচালনা করেন প্রফেসর ড. ফারহীন হাসান, পরিচালক, আইকিউএসি, সহযোগী ডিন, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ। প্রশিক্ষণে অ্যাক্রেডিটেশনের জন্য আবেদন করতে আগ্রহী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের Program Self-Assessment Committee (PSAC)'র সম্মানিত ৫৩ জন শিক্ষক প্রশিক্ষণ গ্রহণ করেন। প্রশিক্ষণে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের অ্যাক্রেডিটেশন বিভাগের পরিচালক প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ স্বাগত বক্তব্য প্রদান করেন। প্রশিক্ষণ শেষে সম্মানিত প্রশিক্ষণার্থীদের সনদ প্রদান করা হয়।

# অ্যাকাডেমিক অডিটরগণের পেশাগত দক্ষতা বৃদ্ধিকরণে প্রশিক্ষণ





বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (BNQF) বাস্তবায়নের মাধ্যমে উচ্চশিক্ষায় প্রমিত মানের শিক্ষা কাঠামো নিশ্চিতকরণে কাজ করে যাচ্ছে। এ কার্যক্রমকে ফলপ্রসূ করতে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে 'অ্যাকাডেমিক অডিটর' নির্বাচন করে থাকে। এই অভিপ্রায়ে নির্বাচিত অ্যাকাডেমিক অডিটরদের জন্য বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ২৮ ও ২৯ ডিসেম্বর ২০২৫ তারিখ 'Training on External Quality Assessment for Academic Auditors' বিষয়ক দুই দিনব্যাপী একটি প্রশিক্ষণের আয়োজন করে। প্রশিক্ষণটি বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)-এর আওতায় বাস্তবায়নাধীন Higher Education Acceleration and Transformation (HEAT) Project-এর অর্থায়নে অনুষ্ঠিত হয়। এ প্রশিক্ষণে ২১ জন 'অ্যাকাডেমিক

অডিটর' অংশগ্রহণ করেন। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। 'External Quality Assessment' ও 'External Quality Assessment Report' বিষয়ে প্রশিক্ষণে সেশন পরিচালনা করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর।

২৮ ডিসেম্বর ২০২৫ তারিখ অনুষ্ঠিত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে সেশন পরিচালনা করেন প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী, উপাচার্য, জার্মান বিশ্ববিদ্যালয় বাংলাদেশ এবং প্রফেসর ড. ফারহীন হাসান, পরিচালক, আইকিউএসি, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ। পরবর্তীতে ২৯ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত প্রশিক্ষণে রিসোর্স পার্সন হিসেবে সেশন পরিচালনা করেন গ্রীন ইউনির্ভাসিটি বাংলাদেশ-এর উপ-উপাচার্য প্রফেসর ড. খাজা ইফতেখার উদ্দিন আহমেদ। প্রশিক্ষণে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পরিচালক (অ্যাক্রেডিটেশন) প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ।

## নিয়োগকারী কর্তৃপক্ষের সাথে মতবিনিময় কর্মশালা



প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ বিশ্ব ব্যবস্থায় বাংলাদেশের গ্র্যাজুয়েটদের সুসংহত ও মর্যাদাপূর্ণ অবস্থান নিশ্চিত করার জন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে অ্যাক্রেডিটেশন প্রদানের লক্ষ্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছে। এরই ধারাবাহিকতায় ৯ ডিসেম্বর ২০২৫ তারিখ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সম্মেলন কক্ষে বিভিন্ন নিয়োগকারী কর্তৃপক্ষের সাথে 'Consultation Workshop on Accreditation in Higher Education' বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। কর্মশালায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য জনাব ইসতিয়াক আহমদ, প্রফেসর ড. মোঃ গোলাম শাহি আলম, ও প্রফেসর ড. গুলশান আরা লতিফা। কর্মশালায় 'BAC Accreditation and Higher Education' বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর। কর্মশালায় সম্মানিত অতিথি হিসেবে ১৬টি ইন্ডাস্ট্রির ১৯ জন Industry Practitioners (Chairman, Director, Head of HR, General Manager, Chief Human Resources Officer, Senior Assistant, Vice President & Deputy Head, Senior Executive Officer ও HR Manager) আলোচনায় অংশগ্রহণ করেন ও মূল্যবান পরামর্শ প্রদান করেন।

কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন কাউন্সিলের সচিব প্রফেসর এ.কে.এম. মুনিরুল ইসলাম এবং ধন্যবাদ জ্ঞাপন করেন প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ, পরিচালক (অ্যাক্রেডিটেশন)। কর্মশালায় আগত অতিথিগণ বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কার্যক্রম সম্পর্কে অবহিতকরণের জন্য কর্তৃপক্ষের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিশ্ববিদ্যালয়সমূহের উচ্চশিক্ষার মান উন্নয়নে একাডেমিয়া-ইন্ডাস্ট্রি কোলাবোরেশন সুসংহত করা প্রয়োজন মর্মে অভিমত প্রকাশ করেন।

# উচ্চশিক্ষার গুণগত মান নিশ্চিতে এআই টুলস বিষয়ক কর্মশালা




বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কর্মকর্তাদের অংশগ্রহণে ২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে Artificial Intelligence (AI) Tools to Enhance the Higher Education Quality Assurance towards Accreditation process বিষয়ক একটি কর্মশালা কাউন্সিলের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর ড. এস. এম. জাহাঙ্গীর আলম, সিএসই বিভাগ, বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি (বিএইউএসটি), সৈয়দপুর ক্যান্টনমেন্ট, নীলফামারী। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন কাউন্সিলের বহিঃসম্পর্ক, গবেষণা ও প্রকাশনা বিভাগের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. গুলশান আরা লতিফা। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য প্রদান করেন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। কর্মশালায় বিভিন্ন (AI) Tools যেমন: গামা এআই টুল (gamma.com.ai), ক্যানভার (Canva.com), এক্সামএআই (examai.ai), ক্যাকটাস এআইও (caktus.ai), কুইলবট (quillbot.com) সহ অন্যান্য (AI) Tools ট্যুলস ইত্যাদির গুরুত্ব ও ব্যবহার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।



# বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের গবেষণা প্রকল্পের রিভিউ কর্মশালা




২০২৫-২৬ অর্থবছরে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের গবেষণা প্রকল্প অনুমোদনের লক্ষ্যে ২৪ আগস্ট ২০২৫ তারিখে রিভিউ কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় মডারেটর হিসেবে উপস্থিত ছিলেন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। কর্মশালায় মূল্যায়নকারী (বিশেষজ্ঞ) হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. বায়েজিদ কবির, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় এবং প্রফেসর ড. মো. মাহবুবুল আলম, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়। এছাড়াও আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. মো: গোলাম শাহি আলম এবং প্রফেসর ড. গুলশান আরা লতিফা।

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ গবেষকদের গবেষণা কার্যক্রম সফলভাবে সমাপ্ত করার আশাবাদ ব্যক্ত করেন এবং ভবিষ্যতে গবেষণালব্ধ জ্ঞান ও ফলাফল দেশের উচ্চশিক্ষার মান উন্নয়নে কার্যকর অবদান রাখবে সেই প্রত্যাশায় কর্মশালার শুভ উদ্বোধন ঘোষণা করেন। কর্মশালায় ২০২৫-২৬ অর্থবছরে নির্বাচিত গবেষণা প্রকল্পের মুখ্য গবেষকগণ নিজ নিজ গবেষণা প্রকল্প উপস্থাপন করেন এবং গবেষকগণের উপস্থাপনের উপর ভিত্তি করে কর্মশালায় উপস্থিত মূল্যায়নকারী (বিশেষজ্ঞ) এবং আলোচকবৃন্দ মতামত ও পরামর্শ প্রদান করেন। কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন কাউন্সিলের সচিব প্রফেসর এ. কে. এম. মুনিরুল ইসলাম এবং সঞ্চালনা করেন কাউন্সিলের বহিঃসম্পর্ক, গবেষণা ও প্রকাশনা বিভাগের উপপরিচালক ড. রীতা পারভীন।







## শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় শিক্ষা উপদেষ্টার কাউন্সিল পরিদর্শন



বাংলাদেশ অর্ন্তবর্তীকালীন সরকারের মাননীয় শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড. চৌধুরী রফিকুল আবরার ১৮ ডিসেম্বর ২০২৫ তারিখ, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল পরিদর্শন করেন। পরিদর্শন শেষে তিনি কাউন্সিলের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন। উক্ত মতবিনিময় সভায় কাউন্সিলের চেয়ারম্যান, পূর্ণকালীন সদস্য, কাউন্সিল সচিব, পরিচালক, উপপরিচালক ও সহকারী পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় শিক্ষা উপদেষ্টা মহোদয়কে অ্যাক্রেডিটেশন বিষয়ক কার্যক্রমের অগ্রগতি এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে অবহিতকরণের জন্য একটি পাওয়ারপয়েন্ট উপস্থাপনা উপস্থাপন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. এস. এম. কবীর। তিনি অ্যাক্রেডিটেশন প্রক্রিয়া, মূল্যায়ন কাঠামো, চলমান কার্যক্রম এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনার বিভিন্ন দিক তুলে ধরেন। মাননীয় শিক্ষা উপদেষ্টা কাউন্সিলের চলমান কার্যক্রম সম্পর্কে সন্তোষ প্রকাশ করেন এবং উচ্চশিক্ষার গুণগত মান নিশ্চিতকরণে সকলকে নিষ্ঠা ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার আহ্বান জানান।


## ই-জিপি প্রক্রিয়ায় প্রকিউরমেন্ট বিষয়ক প্রশিক্ষণ



সরকারি ক্রয়ে সুশাসন জোরদারকরণ এবং স্বচ্ছতা, দক্ষতা ও প্রতিযোগিতা নিশ্চিত করার লক্ষ্যে গত ২৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখ হতে *পিপিআর*, ২০০৮-এর সংশোধিত ও বর্ধিত রূপ *পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)*, ২০২৫ কার্যকর হয়েছে। উক্ত বিধিমালার বিধি ১৫০ অনুযায়ী সরকারি ক্রয় ইলেকট্রনিক পরিচালন পদ্ধতিতে সম্পাদন বাধ্যতামূলক করা হয়েছে। এমতাবস্থায়, *পিপিআর*, ২০০৮ ও *পিপিআর*, ২০২৫-এর তুলনামূলক ধারণা অর্জন এবং *পিপিআর*, ২০২৫ অনুসরণে সরকারি ক্রয় ইলেকট্রনিক পদ্ধতিতে সম্পাদনে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের কর্মকর্তা ও কর্মচারীদের অংশগ্রহণে গত ১৪ ও ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখে "ই-জিপি প্রক্রিয়ায় প্রকিউরমেন্ট" শীর্ষক দুই দিনব্যাপী একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণের শুভ উদ্বোধন করেন কাউন্সিলের চেয়ারম্যান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ। প্রশিক্ষণে উপস্থিত ছিলেন কাউন্সিলে পূর্ণকালীন সদস্যবৃন্দ। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসেবে কাউন্সিলের মোট ১৭ (সতেরো) জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন প্রকৌশলী মোহাঃ মাহমুদুল হাসান, উপ-মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন), পেট্রোবাংলা এবং জনাব আবু সাঈদ মজুমদার, উপপরিচালক, ফিন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

## বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল-এর ষষ্ঠ বার্ষিক প্রতিবেদন (২০২৪-২৫) প্রণয়ন ও প্রকাশ

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল আইন ২০১৭ এর ২২ ধারা অনুযায়ী প্রতি অর্থবছর শেষে উক্ত অর্থ বছরে সম্পাদিত কার্যবিবরণী সম্বলিত একটি বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে সরকারের নিকট প্রদান করার বিধান রয়েছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ২০২৪-২৫ অর্থবছরে সম্পাদিত কার্যাবলীর বিবরণ সম্বলিত ষষ্ঠ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। বর্তমান প্রতিবেদনে অর্থ বছরের সকল গুরুত্বপূর্ণ কার্যক্রম, প্রাতিষ্ঠানিক উদ্যোগ, অর্জন ও অভিজ্ঞতার একটি বিস্তৃত ও সচিত্র রূপরেখা তুলে ধরা হয়েছে, যা দেশের উচ্চশিক্ষা ব্যবস্থার মান উন্নয়ন ও গুণগত রূপান্তরের চলমান প্রয়াসের এক অনন্য দলিল হিসেবে বিবেচিত হবে।





## Proceedings of the Workshop on Research Project 2024 মুদ্রণ ও প্রকাশ


বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের গবেষণা নীতিমালা, ২০২২ অনুযায়ী কাউন্সিল ২০২২-২৩ অর্থ বছর থেকে সমাপ্তকৃত গবেষণাসমূহের সমন্বয়ে Proceedings of the Workshop on Research Project প্রকাশ করে আসছে। এরই ধারাবাহিকতায় ২০২৩-২৪ অর্থবছরে সমাপ্তকৃত ০৯টি গবেষণা প্রকল্পের সমন্বয়ে Proceedings of the Workshop on Research Project ২০২৪ মুদ্রণ ও প্রকাশ করা হয়। বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল বিএনকিউএফ, কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করে থাকে। দেশের উচ্চশিক্ষা প্রতিষ্ঠান এবং গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক এবং গবেষকগণ এ সকল গবেষণা করতে পারবেন।




## ২০২৬ সালের ডায়ারি ও বর্ষপঞ্জি ক্যালেন্ডার প্রকাশ

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ২০২১ সাল থেকে নিয়মিতভাবে ডায়ারি ও বর্ষপঞ্জি ক্যালেন্ডার মুদ্রণ ও প্রকাশ করে আসছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল ২০২৬ সালের ডায়ারি ও বর্ষপঞ্জি প্রকাশ করে। বর্ষপঞ্জিটি বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের ২০২৫ সালের গুরুত্বপূর্ণ কার্যাবলীর চিত্র সম্বলিত। বর্ষপঞ্জিটি গুরুত্বপূর্ণ ও প্রাসঙ্গিক দপ্তরে প্রেরণ করা হয়েছে।



# নিউজলেটার

প্রথম সংখ্যা, জুলাই-ডিসেম্বর ২০২৫

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল


## মুদ্রণ ও প্রকাশনা কমিটি

উপদেষ্টা

প্রফেসর ড. গুলশান আরা লতিফা

পূর্ণকালীন সদস্য (বহিঃসম্পর্ক, গবেষণা ও প্রকাশনা)

সদস্য

প্রফেসর নাসির উদ্দীন আহাম্মেদ

পরিচালক (অ্যাক্রেডিটেশন)

প্রফেসর গৌতম চন্দ্র রায়

পরিচালক (অর্থ ও পরিকল্পনা)

প্রফেসর মোহাম্মদ তাজিব উদ্দিন

পরিচালক (কিউএ অ্যান্ড এনকিউএফ)

সদস্য সচিব

ড. রীতা পারভীন

উপপরিচালক (বহিঃসম্পর্ক, গবেষণা ও প্রকাশনা)

সম্পাদক

স্নিগ্ধা বাউল

উপপরিচালক ও চেয়ারম্যানের একান্ত সচিব


প্রকাশক

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল

বিএসএল অফিস কমপ্লেক্স-২ (৩য় তলা)

১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০

www.bac.gov.bd